

Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 17 July, 2025

ময়মনসিংহের ফুলবাড়িয়ায় অনুমোদনহীন ২১ লাখ টাকার যৌন উত্তেজক হারবাল ওষুধ জব্দ করেছে পুলিশ। এসময় কারখানার মালিক সাইদুল ইসলাম (৩০) নামে এক ব্যবসায়ীকে গ্রেপ্তার করা হয়েছে। এছাড়া, হারবাল ওষুধ তৈরীর সরঞ্জাম জব্দ করা হয়। গ্রেপ্তার সাইদুল ইসলাম একই উপজেলার বালিয়ান ইউনিয়নের ছাইতানতলা গ্রামের শহিদুল ইসলামের ছেলে।

বুধবার (১৬ জুলাই) দিবাগত মধ্যরাতে উপজেলার চক রাধাকানাই গ্রামে অনুমোদনহীন যৌন উত্তেজক হারবাল কারখানায় ওষুধ তৈরির সময় তাকে গ্রেপ্তার করে পুলিশ।

পুলিশ জানায়, বুধবার দিবাগত রাতে গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার বালিয়ান ইউনিয়নের চক রাধাকানাই গ্রামের একটি দ্বি-তল ভবনের ভাড়া করা নিচ তলা থেকে সাইদুল ইসলামকে গ্রেপ্তার করা হয়। তবে, এসময় তার সঙ্গে থাকা আরও ১২ জন অজ্ঞাতনামা ব্যক্তি পালিয়ে যায়।

অভিযানের সময় সেখানে তৈরি ও মজুত বিপুল পরিমাণ অনুমোদনহীন হারবাল ওষুধ, যৌন উত্তেজক ক্যাপসুল, সিরাপ, হালুয়া, বিভিন্ন ধরনের পাউডার, তেল, মেশিন ও প্যাকেজিং সামগ্রী। যার আনুমানিক বাজারমূল্য প্রায় ২১ লাখ ৩৭ হাজার ৮০০ টাকা।

ফুলবাড়িয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. রুকুনুজ্জামান বলেন, গ্রেপ্তারকৃত আসামীর বিরুদ্ধে বিশেষ ক্ষমতা আইনে পুলিশ বাদী হয়ে মামলা করেছে। এ ঘটনায় পলাতক অন্যান্য আসামীদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।

পুলিশ কারখানা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 12:53

URL: <https://timestodaybd.com/public/mymensingh/7758074925>